গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শৈলকুপা, ঝিনাইদহ।

স্মারক নং- ০৫.৪৪.৪৪৮০.০০০.৩৩.০৫৪.২৩-২৩ তারিখঃ ১৪-০১-২০২৪ খ্রিঃ।

**সরকারী জলমহাল/পুকুর ইজারা বিজ্ঞপ্তি**

ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ শাখার ০২/১১/২০২৩ খ্রিঃ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯ (অংশ-১).৬৬২ নং স্মারকের পরিপত্রের প্রজ্ঞাপন মূলে প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ এর সভাপতি/সম্পাদকগণকে জানানো যাচ্ছে যে, ছকে বর্ণিত ঝিনাইদহ জেলাধীন শৈলকুপা উপজেলার ২০ একরের নিম্ন আয়তন বিশিষ্ট ইজারাযোগ্য ০৩ (তিন) টি বদ্ধ শ্রেণির জলমহাল/পুকুর ১৪৩১ বাংলা সন হতে ১৪৩৩ বাংলা সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ (সংশোধিত, ২০১২) অনুসারে ইজারা প্রদান করা হবে। নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ইজারা প্রদানের নিমিত্ত প্রকৃত মৎসজীবী সমবায় সমিতি/সংগঠনের নিকট হতে অনলাইনে আবেদন আহ্বান করা হচ্ছে। আবেদনকারীগণ **www.jm.lams.gov.bd** লিংকে প্রবেশ করে নিবন্ধন সম্পন্ন করে প্রয়োজনীয় সংযুক্তিসহ আবেদন দাখিল করতে পারবেন। ছকে বর্ণিত মূল্যের ২০% অর্থ জামানত হিসাবে সোনালী ব্যাংক, শৈলকুপা শাখায় উপজেলা নির্বাহী অফিসার, শৈলকুপা এর অনুকূলে জমাকৃত ব্যাংক ড্রাফটের কপি আবেদনের প্রিন্টেড কপির সাথে জমা দিতে হবে। নির্ধারিত মূল্যের উপর ১৫% ভ্যাট ও ১০% আয়কর প্রযোজ্য হবে। উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয়ে রক্ষিত বাক্সে সীল মোহরকৃত খামে আবেদনের প্রিন্টেড কপি দাখিল করতে হবে। ছকে বর্ণিত তারিখ ও সময়ে জলমহাল ব্যবস্থাপনা কমিটির সদস্য ও আবেদনকারীদের (যদি কেহ উপস্থিত থাকেন) সম্মুখে দরপত্র বাক্স খোলা হবে। উপজেলা জলমহাল ব্যাবস্থপনা কমিটি যে কোন আবেদন গ্রহণ ও বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

আবেদন প্রক্রিয়াকরণের বিষয়ে সহযোগিতার জন্য ভূমি মন্ত্রণালয়ের কল সেন্টারের ১৬১২২ নম্বরে কল করে সহযোগিতা নেওয়া যাবে। এছাড়া যেকোন প্রয়োজনে ০১৩২৪-১৬৪৮১৭ নম্বরে ফোন করে সহযোগিতা নেওয়া যাবে।

ছক

| ক্রঃ নং | উপজেলা | ইউনিয়ন | জলমহালের নাম | মৌজা, আয়তন ও তফসিল | সরকারি ইজারা মূল্য (তিন বছরের গড় মূল্য) ভ্যাট ও আয়কর ব্যতীত | অনলাইনে আবেদনপত্র দাখিলের সময় | আবেদনর প্রিন্টেন্ড কপি (সিলগালাকৃত খামে) জমাদানের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | শৈলকুপা | মির্জাপুর | সাধুখালী পুকুর | ৫ নং সাধুখালী<br>৩.৪৯ একর<br>আর.এস. খং- ০১<br>দাগ নং জমি<br>৩৬৫৪ – ১.৪৯ একর<br>৩৬৫৫ – ২.০০ একর | ৯,৬১১/- | ২৩/০১/২০২৪ খ্রিঃ হতে ১৬/০২/২০২৪ খ্রিঃ | ১৮/০২/২০২৪ খ্রিঃ হতে ২০/০২/২০২৪ খ্রিঃ | |
| ০২ | শৈলকুপা | দুধসর | মলমলি পুকুর | ১৪৫ নং মলমলি<br>০.৮২ একর<br>আর.এস. খং- ০১<br>দাগ নং জমি<br>৩৩৮৪ – ০.৮২ একর | ৭,০৬৬/- | ২৩/০১/২০২৪ খ্রিঃ হতে ১৬/০২/২০২৪ খ্রিঃ | ১৮/০২/২০২৪ খ্রিঃ হতে ২০/০২/২০২৪ খ্রিঃ | |
| ০৩ | শৈলকুপা | নিত্যানন্দপুর | রুপদাহ পুকুর | ১৭৩ নং রুপদাহ<br>২.১২ একর<br>আর.এস. খং- ০১, ১/১<br>দাগ নং জমি<br>১৪২ – ২.১২ একর | ২৫,৫৪৪/- | ২৩/০১/২০২৪ খ্রিঃ হতে ১৬/০২/২০২৪ খ্রিঃ | ১৮/০২/২০২৪ খ্রিঃ হতে ২০/০২/২০২৪ খ্রিঃ | |

**শর্তাবলী**

১। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ অনুযায়ী বদ্ধ জলমহাল ইজারা গ্রহণে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎসজীবী সমবায় সমিতি উক্ত নীতিতে বর্ণিত প্রয়োজনীয় তথ্য ও দলিলাদিসহ নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে ইজারার জন্য আবেদন দাখিল করতে পারবেন। কোন সমিতির নিকট সায়রাত মহালের (জলমহাল/পুকুরের) ইজারা মূল্য বকেয়া থাকলে উক্ত সমিতির আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

২। অনলাইনে আবেদন সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎসজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে ভূমি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে অথবা **www.jm.lams.gov.bd** লিংকে নিবন্ধন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েব সাইটে পাওয়া যাবে।

৩। অনলাইনে আবেদন দাখিলের সময়সীমা ০৯ মাঘ থেকে ০৩ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ / ২৩ জানুয়ারি থেকে ১৬ ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত (১৯ কার্য দিবস / ২৫ দিন)।

৪। অনলাইনে আবেদন দাখিলের পর আবেদনে বর্ণিত তথ্যাদির গোপনীয়তা প্রযুক্তিগতভাবে আবেদন দাখিলের শেষ সময় পর্যন্ত সংরক্ষণ করা হবে। তবে আবেদনকারী আবেদনের সকল তথ্যাদির প্রিন্ট কপি সংগ্রহ করতে পারবেন।

৫। অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ০৩ (তিন) কার্যদিবস ১৮, ১৯, ২০ ফ্রেব্রুয়ারি ২০২৪ এর মধ্যে আবেদনের সকল তথ্যাদির প্রিন্টিং কপিসহ জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূল কপি সীলগালা মুখবন্ধ খামের উপরিভাগে "জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন" স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখতে হবে।

৬। অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টিং কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনের তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে।

৭। প্রতিটি আবেদনপত্রের প্রিন্টিং কপির খামের উপর জলমহালের নাম মৎসজীবী সমবায় সমিতির নাম ও ঠিকানা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। আবেদনপত্রের সাথে সমিতির রেজিষ্ট্রেশন সনদ, সমিতির গঠনতন্ত্র, সভাপতি/সম্পাদকের ছবি, নির্বাহী কমিটির সদস্যদের তালিকা, ০২ বছরের অডিট রিপোর্ট (প্রযোজ্য ক্ষেত্রে) ০৩ বছরের কর্ম পরিকল্পনা, ব্যাংক কর্তৃক প্রদত্ত অর্থিক স্বচ্ছলতার সনদ, সমিতির সকল সদস্য প্রকৃত মৎস্যজীবী মর্মে প্রত্যায়নপত্র সযুক্ত করতে হবে।

৮। ইজারার মেয়াদ বাংলা ১৪৩১ সনের ০১ বৈশাখ হতে বাংলা ১৪৩৩ সনের ৩০ চৈত্র পর্যন্ত কার্যকর হবে। চুক্তিপত্র দলিল সম্পাদনের পূর্বে জলমহালের দখল প্রদান করা হবে না এবং বাংলা ১৪৩৩ সনের ৩০ চৈত্রের পর স্বয়ংক্রিয়ভাবে ইজারা বাতিল বলে গণ্য হবে।

৯। ইজারা আবেদনপত্র অনুমোদনে বিলম্ব হলে উক্ত বিলম্বের কারণে কোন অবস্থাতেই ইজারার মেয়াদ বৃদ্ধির আবেদন গ্রহণযোগ্য হবে না। বছরের যে কোন সময়ে দরপত্র অহ্বান করা হলেও ইজারার মেয়াদ বাংলা ১৪৩১ সনের ০১ বৈশাখ হতে কার্যকার বলে গণ্য হবে।

১০। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সিদ্ধান্ত প্রদানের ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে ১ম বছরের সম্পূর্ণ টাকা নির্ধারিত কোডে চালানে জমা দিতে হবে এবং পরবর্তী বছর সমূহের ইজারা মূল্য পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে জমা দিতে হবে। অন্যথায় ইজারা বাতিলসহ জমাকৃত জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবেনা। বকেয়া টাকা আইনানুগভাবে আদায় করা হবে।

১১। আবেদনপত্র কেবলমাত্র অনলাইনে দাখিল করা যাবে। মৎসজীবী সমবায় সমিতির একটি ই-মেইল ঠিকানা থাকা বাঞ্ছনীয়।

১২। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ইজারা প্রস্তাব অনুমোদনের পর যে সকল আবেদনপত্র গৃহীত হবেনা। সে সকল আবেদনপত্রের সাথে জামানত হিসাবে সংযুক্ত পে-অর্ডার/ব্যাংকে ড্রাফট আবেদনকারী কর্তৃক আবেদন সাপেক্ষে ফেরত দেয়া হবে।

১৩। ভুল/অসম্পূর্ণ তথ্য সংবলিত আবেদন বাতিল বলে গণ্য হবে। অনলাইনে আবেদন সংক্রান্ত নির্দেশিকা ভূমি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে অথবা **www.jm.lams.gov.bd** সাইট থেকে জানা যাবে। উল্লেখ্য, সংশ্লিষ্ট জলমহলের নিকটবর্তী/তীরবর্তী মৎসজীবী সংগঠন/সমিতিগুলোকে যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার প্রদান করা হবে।

১৪। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে বিজ্ঞপ্তিসহ দাখিলকৃত যেকোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪/০১/২০২৪

শেখ মেহেদী ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যাবস্থাপনা কমিটি
শৈলকুপা, ঝিনাইদহ
ফোনঃ ০১৭৯৬-১১০১৩০

স্মারক নং- ০৫.৪৪.৪৪৮০.০০০.৩৩.০৫৪.২৩-২৩ তারিখঃ ১৪-০১-২০২৪ খ্রিঃ।

**অনুলিপি সদয় অবগতির জন্যঃ-**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৮৪, ঝিনাইদহ-১।
২। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ঝিনাইদহ।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শৈলকুপা, ঝিনাইদহ।

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থেঃ**

০১। উপজেলা কৃষি কর্মকর্তা, শৈলকুপা, ঝিনাইদহ।
০২। উপজেলা মৎস্য কর্মকর্তা, শৈলকুপা, ঝিনাইদহ।
০৩। উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, শৈলকুপা, ঝিনাইদহ।
০৪। অফিসার ইন-চার্জ, শৈলকুপা থানা, শৈলকুপা, ঝিনাইদহ।
০৫। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শৈলকুপা, ঝিনাইদহ।
০৬। উপজেলা সমবায় কর্মকর্তা, শৈলকুপা, ঝিনাইদহ।
০৭। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শৈলকুপা, ঝিনাইদহ।
০৮। চেয়ারম্যান, ...................... ইউনিয়ন পরিষদ, শৈলকুপা, ঝিনাইদহ।
০৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ......................, শৈলকুপা, ঝিনাইদহ।
১০। জনাব.............................................................. শৈলকুপা, ঝিনাইদহ।

১৪-০১-২৪

মোঃ বনি আমিন
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যাবস্থাপনা কমিটি
শৈলকুপা, ঝিনাইদহ
ফোনঃ ০১৩২৪-১৬৪৮১৭